

📃 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪:৫

💵 আরবি মূল আয়াত:

حِكْمَةٌ بَالِغَةٌ فَمَا تُغنِ النُّذُرُ ﴿۵﴾

৸৵ অনুবাদসমূহ:

পরিপূর্ণ হিকমাত। তবে সতর্কবাণী তাদের কোন উপকারে আসেনি। — আল-বায়ান
তা (হল) সুদূর প্রসারী জ্ঞান, কিন্তু সেই সতর্কবাণী কোন কাজে আসেনি। — তাইসিরুল
এটা পরিপূর্ণ জ্ঞান, তবে এই সতর্ক বাণী তাদের কোন উপকারে আসেনি। — মুজিবুর রহমান

Extensive wisdom - but warning does not avail [them]. — Sahih International

৫. এটা পরিপূর্ণ হিকমত, কিন্তু ভীতিপ্রদর্শন তাদের কোন কাজে লাগেনি।

তাফসীরে জাকারিয়া

- (৫) এটা পরিপূর্ণ জ্ঞানগর্ভ বাণী,[1] তবে এই সতর্কবাণীসমূহ তাদের কোন উপকারে আসেনি। [2]
 - [1] অর্থাৎ, এমন বাণী, যা ধ্বংসের হাত থেকে রক্ষাকারী। অথবা এই কুরআন সম্পূর্ণ বিজ্ঞানময়। তাতে কোন খুঁত বা ত্রুটি নেই। অথবা মহান আল্লাহ যাকে চান, হিদায়াত দেন এবং যাকে চান, পথভ্রস্ট করেন, তাতেও যে বড় কৌশল নিহিত আছে সে কথা কেবল তিনিই জানেন।
 - [2] অর্থাৎ, যার জন্য আল্লাহ পাক দুর্ভাগ্য লিখে দিয়েছেন এবং যার অন্তরে মোহর মেরে দিয়েছেন নবীদের ভীতিপ্রদর্শন আর কি তার উপকারে আসতে পারে? তার জন্য তো ﴿سَوَاءٌ عَلَيْهِمْ أَأَنذَرْتَهُمْ أَمْ لَمْ تُنذِرْهُم} কথাই প্রযোজ্য। নিম্নের আয়াতটিও প্রায় অনুরূপ অর্থেরইঃ ﴿قُلُ فَلِلّٰهِ الْحُجَّةُ الْبَالِغَةُ فَلَوْ شَاء لَهَدَاكُمْ أَجْمَعِينَ} (তুমি বলে দাও! অতঃপর চূড়ান্ত প্রমাণ তো আল্লাহরই। তিনি ইচ্ছা করলে তোমাদের সবাইকে পথ প্রদর্শন করতেন। (সূরা আনআম ১৪৯ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4851

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন